দৈনিক ইত্তেফাক

তারিখ 13 DEC 1992
পৃষ্ঠা ২ কলাম ৭

40

## বিদ্যালয়ের জন্য সরকারী অনুদান চাই

ঝিনাইদহ সদরের অন্তর্গত সুরাট বারেক আলী উচ্চবিদ্যালয় ১৯৮৬ সনে স্থানীয় জনসাধারণের উদ্যোগ ও আর্থিক সহায়তায় প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠালগ্ন হইতে উহা অত্যন্ত সুচারুভাবে পরিচালিত হইয়া আসিতেছে। সরকারের শর্তাবলী পূরণের পর বিদ্যালয়টিকে একাডেমিক স্বীকৃতিও প্রদান করা হইয়াছে। কিন্তু দু:খের বিষয় অদ্যাবধি কোন সরকারী অনুদান পাওয়া যায় নাই। বর্তমান দুর্মূল্যের বাজারে স্থানীয় জনসাধারণের আর্থিক সাহায্যের উপর নির্ভর করিয়া বিদ্যালয়টি পরিচালনা করা খুবই কষ্টসাধ্য হইয়া পড়িয়াছে। এমতাবস্থায় শিক্ষা বিভাগের উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন, বিদ্যালয়টিকে সরকারী অনুদান প্রদানপূর্বক অত্র এলাকার গরীব জনসাধারণের ছেলে-মেয়েদের শিক্ষালাভের পথ সুগম করুন।

—মো: সুবেদ আলী, বানিয়াবহু, ঝিনাইদহ সদর।